

Embassy of Bangladesh
Amman, Jordan



سفارة جمهورية بنغلاديش الشعبية
عمان، الأردن

নংঃ ১৯.০১.৯৬২১.১০৫.৬৪.০০৪.১৮-১৭৬

০১ নভেম্বর, ২০২১

বিশেষ বিজ্ঞপ্তি

জর্ডান প্রবাসী সকল বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জর্ডানের স্বরাষ্ট্র মন্ত্রণালয় যে সকল বিদেশী নাগরিকগণ এখনও COVID-19 ভ্যাকসিনের দুটি অথবা একটি ডোজও গ্রহণ করেননি তাদের দ্রুত টিকা গ্রহণের অনুরোধ জানিয়েছে। টিকাবিহীন বিদেশী কর্মীদের আগামী ১৫ ডিসেম্বর ২০২১ এর পরে জর্ডান থেকে বিতারণেরও ঘোষণা দেয়া হয়েছে। এই সিদ্ধান্তের উদ্দেশ্য হচ্ছে, বিদেশী কর্মীদের COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য উদ্বুদ্ধ করা, যাতে তারা ভবিষ্যতে এই রোগের সংক্রমণ থেকে রক্ষা পায়, এই রোগের বিস্তার রোধ করে এবং জনস্বাস্থ্য রক্ষা পায়। বিবৃতিতে বলা হয়েছে যে, বিদেশী কর্মীরা তাদের বাসস্থান বা কাজের পারমিট (আকামা ও তাছরিয়া) না থাকলেও বিনামূল্যে COVID-19 ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন।

তাই জর্ডান প্রবাসী যেসকল বাংলাদেশীরা এখনও COVID-19 ভ্যাকসিন গ্রহণ করেননি জরুরি ভিত্তিতে তাদের টিকা গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

